সমকাল

তারিখ 06 DEC 2017
পৃষ্ঠা ... কলাম ...

লেকহেড গ্রামার স্কুল

# সেনা প্রতিনিধি নিয়ে নতুন পরিচালনা পর্ষদ গঠনের নির্দেশ

■ সমকাল প্রতিবেদক

জঙ্গি কার্যক্রমে পৃষ্ঠপোষকতা ও উগ্রবাদে উৎসাহের অভিযোগে বন্ধ করে দেওয়া রাজধানীর লেকহেড গ্রামার স্কুল ব্যবস্থাপনার জন্য সাত দিনের মধ্যে নতুন 'পরিচালনা পর্ষদ' গঠনের নির্দেশ দিয়েছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। শিক্ষা সচিবকে পর্ষদ গঠনের আদেশ বাস্তবায়ন করতে হবে। পর্ষদের সভাপতি হবেন ঢাকার বিভাগীয় কমিশনার। কমিটিতে বাংলাদেশ সেনাবাহিনীর একজন প্রতিনিধি থাকবেন। এ ছাড়া স্কুলটির শাখাগুলোতে সেনাবাহিনীর শিক্ষা কোর থেকে অধ্যক্ষ নিয়োগ দিতে হবে। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি মো. আবদুল ওয়াহ্হাব মিঞার নেতৃত্বাধীন আপিল বিভাগের পাঁচ বিচারপতির বেঞ্চ মঙ্গলবার এ আদেশ দেন। এই পর্ষদ গঠন না হওয়া পর্যন্ত স্কুলের কার্যক্রম বন্ধ রাখার বিষয়ে আপিল বিভাগের চেম্বার বিচারপতির আদালতের দেওয়া আদেশ বলবত থাকবে।

পরিচালনা পর্ষদের কার্যক্রম সম্পর্কে আপিল বিভাগ বলেন, যে পর্ষদ গঠন করা হবে, তারা স্কুলের শিক্ষা কার্যক্রমের যাতে কোনো ক্ষতি না হয়, তা দেখবে। এ ছাড়া শিক্ষা প্রতিষ্ঠানটির শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীদের কোনো ধরনের জঙ্গি কার্যক্রমে সম্পৃক্ততা আছে কি না, তা-ও পর্ষদকে দেখতে হবে। এমন কিছু পাওয়া গেলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার বিষয়ে যথাযথ ব্যবস্থা নেবে।

আদালতে স্কুল মালিক ও অভিভাবকদের পক্ষে শুনানি করেন জ্যেষ্ঠ আইনজীবী এ এফ হাসান আরিফ, ব্যারিস্টার আখতার ইমাম ও রাশনা ইমাম। অন্যদিকে, রাষ্ট্রপক্ষে ছিলেন অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম। আদেশের পর রাশনা ইমাম সাংবাদিকদের বলেন, 'সাত দিনের মধ্যে কমিটি গঠন করা হলে স্কুলের কার্যক্রম শুরু হবে বলে আশা করছি।'

অন্যদিকে অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম বলেন, 'হাইকোর্টের রায়ের বিরুদ্ধে লিভ টু আপিল (আপিলের অনুমতি চেয়ে আবেদন) আদালত গ্রহণ করেছেন। এর ওপর শুনানি হবে। তবে এই শুনানি শেষ না হওয়া পর্যন্ত স্কুলটি নতুন পর্ষদের নেতৃত্বে চলবে। এ জন্য এটা অন্তর্বর্তী আদেশ।' মাহবুবে আলম বলেন, 'স্কুলটি সম্পর্কে ভয়াবহ সব তথ্য পাওয়া গেছে। এটি সরকারের নিয়ন্ত্রণে না আনা হলে এর অবস্থা আরও ভয়াবহ হবে।'

প্রাপ্ত নং...
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ
স্বাক্ষর